



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
'ফিন্যান্স ফেস্ট' শুরু

উৎসব সব সময়ই আন্তঃসম্পর্ক বৃদ্ধিতে বহুমাত্রিকতা যোগ করে
- উপ-উপাচার্য অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২০ সেপ্টেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগে আজ চার দিনব্যাপী 'ফিন্যান্স ফেস্ট' শুরু হয়েছে। সকালে প্রধান অতিথি উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক ফিতা ও কেক কেটে অনুষ্ঠান উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, উৎসব সব সময়ই আন্তঃসম্পর্ক বৃদ্ধিতে বহুমাত্রিকতা যোগ করে। অংশগ্রহণকারীদের এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচিতির প্রসার ঘটায়। উপ-উপাচার্য বলেন, অনুষ্ঠানে সৃষ্টিশীল কর্ম এবং অন্যান্য অনুষ্ঠানগুলো স্মৃতিতে অম্লান হয়ে থাকে। তিনি আশা প্রকাশ করেন যে, এ অনুষ্ঠান পরস্পরকে চেনা-জানার পরিধি আরও বৃদ্ধি করবে, যা প্রতিযোগিতামূলক বিশ্বে শিক্ষার্থীদের এগিয়ে রাখবে। উপ-উপাচার্য অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষক-শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক নীলাঞ্জন কুমার সাহা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের সভাপতি সভাপতি ইউসুফ হারুন প্রমুখ বক্তব্য রাখেন।

শেখ মোঃ মনজুরুল হক

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

